# সেপ্টেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | ঃ | ২১/০৯/২০২২খ্রি.। |
| সময় | ঃ | দুপুর ১২:০০ঘটিকা । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| আলোচ্য মাস: | ঃ | আগষ্ট/২০২২খ্রি. । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ১৭/০৮/২০২২খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:ম | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করতে পারেননি। | আগামী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কার্যবিবরণী প্রেরণ করেননি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পেটিলের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগনকে জানতে চাওয়া হলে বলেন যে,UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলি তদারকি জন্য করার জন্য সকলকে বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনা:

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে, উপজেলা পরিষদ চত্বরে কর্মচারী কোয়ার্টারের সামনে ৩ শতাংশ জায়গা উপকরণ সংরক্ষনাগার নির্মাণের জন্য নির্ধারণ করা হয়েছে। প্রতিটি ওয়ার্ডে ০১ জন করে মোট ৫৪ জন খুচরা ডিলার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে যারা ৩০% কম দামে বিসিআইসি ডিলার থেকে সার কিনবে এবং সরকারি রেটে নিজ ওয়ার্ডে সার সরবরাহের উদ্দেশ্যে কৃষি উপকরণ সহায়তা কার্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | আগষ্ট /২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে, তাঁর দপ্তরের নিয়মিত সকল কার্যাবলী যেমন- চিকিৎসা প্রদান, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, ঘাসের চারা বিতরণসহ সকল কাজ ভালভাবে চলছে। প্রাণি সম্পদ দপ্তরে মোবাইল ভেটেরিনারি ক্লিনিক প্রদান করা হয়েছে। যার মাধ্যমে প্রাণির চিকিৎসা সেবা আরও ভালভাবে সম্পাদন করা সম্ভব হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | আগষ্ট /২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতি চলছে। মাছচাষ বিষয়ক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। কাউনিয়া উপজেলার বিভিন্ন জলাশয়ে অবৈধ রিং জালের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। এই অবৈধ জাল বিনষ্ট করতে মোবাইল কোর্ট অভিযান আরো জোরদার করতে হবে। এ বিষয়ে উপজেলা প্রশাসন ও থানা পুলিশের সহযোগিতা কামনা করেন। তবে মাঠ পর্যায়ে মৎস্য প্রদর্শনী পুকুর, নির্বাচন যাচাই-বাছাই কার্যক্রম ও অন্যান্য মৎস্য চাষিদের পুকুর পরিদর্শনে মৎস্য চাষিদের সাথে মত বিনিময় ও মাছ চাষে পরামর্শ প্রদান করা হয়। মা ইলশ সংরক্ষণ অভিযান ২০২২, মা ইলশ রক্ষা করুন, ০৭ অক্টোবর হতে ২৮ অক্টোবর ২০২২ পর্যন্ত মোট ২২ দিন সরকার ঘোষিত এই ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজার জাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এ আইন অমান্যকারীকে কমপক্ষে ০১ বছর থেকে সর্বোচ্চ ০২ বছরের সশ্রম কারাদন্ড অথবা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করা যাবে। মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন মেনে চলুন, মৎস্য সম্পদ রক্ষা করুন। এ বিষয়ে কাউনিয়া উপজেলার বিভিন্ন হাট-বাজার ও জনবহুল স্থানে মাইকিং প্রচার প্রচারনা ব্যানার, ফেস্টুন, লিফলেট বিতরণ কার্যক্রম চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

<table>
<tr>
<td>৫.</td>
<td>আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা</td>
<td>
<table>
<tr><th rowspan="2">মাসের নাম</th><th colspan="3">অস্থায়ী পদ্ধতি</th><th colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</th><th colspan="2">স্থায়ী পদ্ধতি</th><th rowspan="2">সর্বমোট</th></tr>
<tr><th>খাবার বড়ি</th><th>কনডম</th><th>ইনজেকটেবলস</th><th>IUD</th><th>ইমপ্ল্যানন</th><th>পুরুষ</th><th>মহিলা</th></tr>
<tr><td>আগষ্ট/২০২২</td><td>৫০৬</td><td>৭২</td><td>৫৭০</td><td>১৭</td><td>৩৩</td><td>-</td><td>০৬</td><td>১,২০৪</td></tr>
</table>
১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>
২। বাড়ি বাড়ি পরিদর্শনের সময় নিজস্ব নিরাপত্তা নিশ্চত করাসহ পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ ও জনগণকে সচেতন করতে
</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | সকল পরিবার কল্যাণ সহকারি ওয়ার্ড পর্যায়ে ও পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ন পর্যায়ে ভূমিকা পালন করছেন।<br>৩। করোনা প্রতিরোধে সরকার কর্তৃক অর্পিত যেকোন অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করা হয়েছে এবং স্বাস্থ্য বিধি অনুসরন করছেন।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম- এ এপপিআই,এফডাব্লিউ ভি,ও এফ ডাব্লিউ এ কর্তৃক প্রতিমাসে কার্যক্রম চালু রয়েছে।<br>৫। বিভাগীয় মাসিক সমন্বয় সভায় দাপ্তরিক দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। | |

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী সভায় ২০২২-২৩ অর্থ বছরে নিম্নবর্ণিত বিষয়ে সমূহ আলোচনা করেন:<br>১। তকিপল বাজার হতে ব্রেন্টের বাজার ১৫৫ মি: চেইনেজে বিদ্যমান ক্ষতিগ্রস্থ স্থানে ফুট ব্রীজের স্থানে ব্রীজ নির্মার্ণের জন্য মাটি এবং টপ সার্ভে বাবদ ৫০,০০০/- টাকা<br>২। ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা শহর(নন-মিউনিসিপাল মাষ্টার প্লান প্রণয়ন ও মৌখিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প)UTMIDP প্রকল্পের আওতায় প্রকল্প সমূহ স্কীম বাস্তবায়নের সুপারিশ জন্য উপস্থাপন করেন।<br>(ক) H/O kasam at Chandipur Union-Mirbag Rail station Via Moriyam Bazar Ch.oo-130m urder.union:Kursha,Upazila-Kaunia,Rangpur এর ৪২৫ মিটার রাস্তা বাস্তবায়ন।<br>(খ) ভূতছাড়া(মীরবাগ)হাট সিংগেরকুড়া হাট এবং বড়ুয়া হাট মোট=০৩টি হাটের অনুমোদিত ডিজাইন অনুযায়ী পাবলিক টয়লেট নির্মাণ।<br>(গ) ভূতছাড়া(মীরবাগ)হাট হাটে অনুমোদিত ডিজাইন অনুযায়ী কসাইখানা নির্মাণ করন।<br>(ঘ) ভূতছাড়া(মীরবাগ)হাটের অনুমোদিত ডিজাইন অনুযায়ী কাঁচা বাজার নির্মাণ করণ।<br>(ঙ) কাউনিয়া বাজার ও বাসষ্ট্যান্ড ও উপজেলা পরিষদ সংলগ্ন এলাকায় ড্রেণ নির্মাণ।<br>(ঞ)কালির হাট ইন্দ্রারপাড় হতে মফিজের চাতাল ভায়া প্রকাশ চন্দ্র বাড়ী রোড-আইবি-১৮৫৪২৪০৩০ এর রাস্তার ১.৫এম ১.৫এম সাইজের ০১টি কালভার্ট ch ৫৫৪ পরিবর্তন করে ch 14sdm-এ প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার বিভাগে সুপারিশ করার জন্য অনুরোধ করেন।<br>এছাড়া কাউনিয়া উপজেলায় অনুমোদন ব্যতিত যে সকল ভবন নির্মাণ করা হয়েছে-সেগুলোর বিষয়ে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে ক্র:নং (১) ৫০,০০০/-টাকা<br>আলোচ্য বিষয় ক্রমিক ০২ এর ক,খ,গ,ঘ,ঙ ও ঞ পর্যন্ত আলোচ্য বিষয়গুলি সভায় অনুমোদন করা হয়,সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা মহোদয়কে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কাউনিয়া উপজেলায় যে সকল ভবন অনুমোদন ব্যতিত যে সকল ভবন নির্মাণ করা হয়েছে বা হচ্ছে সেসকল ভবন সমূহের মালিকগণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এদতবিষয়ে মেয়র/চেয়ারম্যান(সকল)কে প্রয়োজনীয় সহযোগিতার করার জন্য অনুরোধ করা হয় | সকল জনপ্রতিনিধি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১০. উপজেলা সমাজসেবা বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | আগষ্ট /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১১। চেয়ারম্যান, সারাই ইউনিয়ন পরিষদ ,ধুম,নদীতে পর্যটন ও বিনোদনমূলক পার্ক নির্মাণের জন্য ও ধুমনধীতে ভাসমান ব্রীজ বাঁশের সাকো তৈরী জন্য অনুরোধ করেন। এছাড়া হারাগাছ সরকারি কলেজের ব্রীজ হতে ভ্যালুর হয়ে হারাগাছ কুঠিরপাড় ব্রীজ হয়ে শহীদবাগ বেলীব্রীজ পর্যন্ত ক্যানল সংস্কার করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ ধুম,নদীতে পর্যটন ও বিনোদনমূলক পার্ক নির্মাণ এবং তিস্তা সেতু পশ্চিম পার্শ্বের বিনোদন পার্ক নির্মাণ বিষয়ে মাননীয় বাণিজ্য মন্ত্রী মহোদয়ের নিকট তুলে ধরাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সভাপতি,চেয়ারম্যান,উপজেলা পরিষদ কাউনিয়া, রংপুরকে অনুরোধ করা হয়। এছাড়া ধুম নদীতে ভাসমান বাশেঁর সাকো তৈরী জন্য আগামীতে বরাদ্দ সাপেক্ষে প্রকল্প গ্রহণের জন্য চেয়ারম্যান, সারাই ইউনিয়ন পরিষদ, কাউনিয়া, রংপুরকে অনুরোধ করা হয়।

১২। চেয়ারম্যান হারাগাছ ইউনিয়ন পরিষদ: বলেন যে, কুঠিরঘাট হতে সারাই ইউনিয়ন পরিষদ হয়ে সোনাতন গামী রাস্তাটি বীরমুক্তিযোদ্ধা মরহুম সহিদুর রহমান, দারোগার চাতাল নাম করণ করার জন্য সভায় অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ সারাই ইউনিয়ন পরিষদ হয়ে সোনাতন গামী রাস্তাটি বীরমুক্তিযোদ্ধা মরহুম সহিদুর রহমান, দারোগার চাতাল নাম করণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১৩। চেয়ারম্যান, ৩নং কুর্শা ইউনিয়ন পরিষদ বলেন যে, তার ইউনিয়নে মীরবাগে যুব-যুব মহিলাদের কর্মসংস্থানের জন্য যুব প্রশিক্ষণ একাডেমী চাহিয়া উপজেলা নির্বাহী অফিসার মাধ্যমে আবেদন করিয়াছি। উক্ত আবেদনটি অদ্যকার উপজেলা পরিষদ সভায় অনুমোদন করতঃ আবেদনখানা জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন। তিনি জানান মানাষ নদী হারাগাছ কলেজ হতে শহীদবাগ বেলী ব্রীজ পযর্ন্ত ১৫ কি:মি: এবং রুইয়ার দোলা হতে কৈলাষের ভাংগা পর্যন্ত ৬ কি:মি: খাল খনন যা বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ পীরগাছা/কাউনিয়া, রংপুর বাস্তবায়ন করার সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। এছাড়া বড় ডোবার দোলার পানি নিস্কাশন ড্রেণ নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ কুর্শা ইউনিয়নে মীরবাগে যুব-যুব মহিলাদের কর্মসংস্থানের জন্য যুব প্রশিক্ষণ একাডেমী ভবন নির্মাণের আবেদন খানা সভায় অনুমোদন করা হয়, এবং আবেদনখানা সুপারিশসহ জেলা প্রশাসক, রংপুরের মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। মানাষ নদী হারাগাছ কলেজ হতে শহীদবাগ বেলী ব্রীজ পযর্ন্ত ১৫ কি:মি: এবং রুইয়ার দোলা হতে কৈলাষের ভাংগা পর্যন্ত ৬ কি:মি: খাল খনন যা বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ পীরগাছা/কাউনিয়া, রংপুরকে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

১৪। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কাউনিয়া, রংপুর জানান যে, উপজেলা পরিষদ সভায় বীর মুক্তিযোদ্ধা কোঃ কমান্ডার সর্দার আব্দুল হাকিম এবং জনাব মোঃ হাকিবুর রহমান, সাবেক মেয়র, হারাগাছ পৌরসভা ০২জনকে কো-আপ সদস্য হিসেবে রাখার অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ মাসিক সভায় কো-অপ্ট করার কোন নির্দেশনা না থাকায় কো-অপ্ট করার সম্ভব হলো না ।

বিবিধ বিষয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মোছাঃ আয়শা সিদ্দিকা, ভায়ারহাট বালিকা উচ্চ বিদ্যালয়ে ১০ম শ্রেণীতে অধ্যায়নরত। সে জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২ জাতীয় পর্যায়ে ২য় স্থান অধিকার করেছেন। তিনি সভায় মেধাবী ছাত্রীকে সমর্ধনা প্রদানের জন্য অনুরোধ করেন। | ভায়ারহাট বালিকা উচ্চ বিদ্যালয়ে ১০ম শ্রেণীতে অধ্যায়নরত মোছাঃ আয়শা সিদ্দিকা জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২ ২য় স্থান অধিকার করায় কাউনিয়া উপজেলা তথা রংপুর জেলার সুনাম অর্জন করেছেন। তাকে সভায় ফুলের তোরা দিয়ে বরণ করা হয়, এবং রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত হতে ৫,০০০/-টাকার চেক প্রদানের ব্যয়ের অনুমতি সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার,কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মোঃ আরিফুল ইসলাম, পিতা- মতিয়ার রহমান,কুর্শা ইউনিয়নে মীরবাগ স্থায়ী বাসিন্দা। সে একজন ফুটবলার ঢাকা সিনিয়র ডিভিশনে ফুটবলার অংশ গ্রহণ করেন এবং খেলারত অবস্থায় বা পায়ের লিগামেন্ট ছিড়ে যাওয়া তাকে উন্নত চিকিৎসার জন্য আর্থিক সহযোগিতার জন্য আবেদন করেছেন। সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, , মোঃ আরিফুল ইসলাম, যেহেতু একজন ফুটবল খেলোয়াড়, খেলাধুলা করতে পায়ের সমস্যাজনিত কারনে উন্নত চিকিৎসার জন্য তাকে রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত হতে ২০,০০০/-টাকার চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , কাউনিয়া, রংপুর |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সারাই ইউনিয়নে আরাজী বীরচরণ সরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয় প্রাথমিক শিক্ষা পদক/ ২০২২ উপজেলা পর্যায়ে শেষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ায় প্রধান শিক্ষক উপজেলা পরিষদ হতে হতে শিক্ষা প্রতিষ্ঠানটি শিক্ষার মান আরো উন্নত জন্য শিক্ষা উপকরন ক্রয় জন্য আবেদন করেছেন। সভায় তিনি সিদ্ধান্তের জন্য পেশ করেন। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সারাই ইউনিয়নে আরাজী বীরচরণ সরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয় প্রাথমিক শিক্ষা পদক/২০২২ উপজেলা পর্যায়ে শেষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ায় এবং উন্নত শিক্ষার মানে উপকরন ক্রয়ে আবেদ করায় তাকে রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত হতে ২০,০০০/-টাকার চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার,কাউনিয়া, রংপুর। |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ কার্যালয়ে জন্য অনেক আগের ০২টি সোফা রয়েছে, কিন্তু সেগুলো বিভিন্ন দিবসে কাউনিয়া মোফা:হোসেন সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে, বিভিন্ন অনুষ্ঠানে দিনে ব্যবহিত হওয়ায়,করায়, পুরাতন হওয়ায় ভেঙ্গে গেছে, মেরামত করে সোফা দুটি ভাইস চেয়ারম্যানদ্বয়ের কার্যালয়ে দিয়ে নতুন করে কাঠের ০২টি সোফা তৈরী করা প্রয়োজন। এছাড়া নিম্নস্বাক্ষকারী কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীগণের বসার চেয়ার নেই,তিনি কাঠের হাতাওয়ালা ০৫টি চেয়ার তৈরী করা প্রয়োজন। তিনি সভায় এবিষয়ে সিদ্ধান্তের জন্য পেশ করেন। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ০২টি সোফা ভালোমানের কাঠের,এবং পুরাতন সোফা ০২টি ভাইস চেয়ারম্যানের কার্যালয়ে সংস্কার /মেরামত করে প্রেরণ। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য ০৫টি কাঠের চেয়ার মেহগনি/আকাশমনি কাঠ দিয়ে আর এফকিউ মাধ্যমে বিধি মোতাবেক ব্যয় পিপিএ-২০০৬,২০০৮ এবং অন্যান্য আর্থিক বিধিবিধান অনুসরণ করে রাজস্ব তহবিল আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় 'মুজিব কর্ণার' তৈরী করা প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় 'মুজিব কর্ণার' তৈরী করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেল া পরিষদ, উপজেলা নির্বাহী কাউনিয়া, রংপুর। |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও উপজেলা পরিষদ মাসিক সভার সম্মানিত সভাপতি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে যেসকল আলোচনা হলো সেবিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন এবং উন্নয়নমূলক কাজে সকলের স্বত:স্ফূর্ত ভাবে অংশগ্রহনে আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/৯/২২

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.১৯- ৭৬৬ তারিখঃ২৬/১০/২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ........................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

২৩/১০/২২
(তাহ্‌মিনা তারিন)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd

২৬/১০/২২